

স্মারক নং ৩৩.০১.৩৫৫৮.০০০.১১.০০২.১৯-২৯৬


তারিখঃ ০১/০৮/১৯ খ্রিঃ।

নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক "লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি)" এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় পৌরসভা এবং ইউনিয়ন পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের প্রাণিসম্পদ খামারীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য নির্ধারিত পৌরসভা এবং ইউনিয়নে ০১ (এক) জন করে লাইভস্টক সার্ভিস প্রোভাইডার Livestock Service Provider (LSP) নির্বাচন করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, পাসপোর্ট সাইজের ২ কপি রঙিন ছবি, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা, (ছবি ও সকল কাগজপত্র সত্যায়িত করে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে) ইত্যাদি তথ্যাদি সর্বশেষ স্বহস্তে লিখিত দরখাস্ত, প্রকল্প পরিচালক, " লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (LDDP) ", প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। বরাবরে আবেদনমঞ্জর আহ্বান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ২২/০৮/১৯ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো। মৌখিক পরীক্ষা আগামী ২৭/০৮/২০১৯ তারিখে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে শুরু হবে। মৌখিক পরীক্ষার সময় অবশ্যই মূল কাগজপত্র সঙ্গে আনতে হবে।

যোগ্যতা ও অভিজ্ঞতা:

১. সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. আবেদনকারীর বয়স ২৫-৪৫ বছর হতে হবে।
৩. পুরুষ বা নারী উভয়েই LSP (এলএসপি) হিসেবে আবেদন করতে পারবে।
৪. ক্ষুদ্র ও প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দেওয়া হবে।
৫. শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি/সমমান পাশ হতে হবে। বাংলা পড়া ও লিখায় দক্ষ হতে হবে।
৬. প্রাণিসম্পদ বিষয়ে ডিএলএস বা যুবউন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত ও বর্তমানে প্রাণিসম্পদ সেবা বা লালন পালন কাজে নিয়োজিতদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
৭. কর্মঠ স্ব-উদ্যোগী ও নেতৃত্ব প্রদানের গুণাবলী থাকতে হবে।
৮. অন্য কোন প্রতিষ্ঠানে পূর্ণকালীন কর্মরতদের/এআই টেকনিসিয়ানদের এবং/অথবা এনএটিপি এর সিলদের আবেদন করার প্রয়োজন নেই।



(ডাঃ শচীন্দ্র নাথ বিশ্বাস)
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
মুকসুদপুর, গোপালগঞ্জ।

বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলোঃ

০১. উপজেলা নির্বাহী অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ।
০২. উপজেলা কৃষি অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ।
০৩. উপজেলা যুব উন্নয়ন অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ।

অনুলিপিঃ

০১. নোটিশ বোর্ড।
০২. অফিস নথি।